# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date: 31-08-2025** **Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- **১/ সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্য স্কুল সার্ভিস কমিশন অযোগ্য চিহ্নিত শিক্ষক- শিক্ষিকাদের তালিকা প্রকাশ করেছে।**
- **২/ ভুয়ো ও অবৈধ ভোটারের সংখ্যা বৃদ্ধির প্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্যের ১০০ টি বিধানসভা কেন্দ্রকে চিহ্নিত করেছে।**
- **৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে তার চিন্তা-ভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।**
- **৪/ সংস্কারের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু আজ সকাল থেকে রাত পর্যন্ত বন্ধ থাকছে।**
- **৫/ মিসলেনিয়ার্স সার্ভিসের পরীক্ষার্থীদের সুবিধার্থে মেট্রো রেল, আজ অতিরিক্ত ট্রেন চালাচ্ছে।**

*************************************************************

অযোগ্য শিক্ষক-শিক্ষিকাদের নামের তালিকা প্রকাশ করল স্কুল সার্ভিস কমিশন। গতসন্ধ্যায় কমিশনের ওয়েবসাইটে এক হাজার ৮০৪ জন শিক্ষক-শিক্ষিকার নামের তালিকা প্রকাশ করা হয়েছে। এক সপ্তাহের মধ্যে অযোগ্যদের তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতে স্কুল সার্ভিস কমিশনের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, শনিবার ওই তালিকা প্রকাশ করা হবে।

এই প্রসঙ্গে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল বলেন, যারা টাকা দিয়ে চাকরি পেয়েছেন তাদের নামের তালিকা প্রকাশিত হয়ে গেল। কোন্ কোন্ নেতাদের টাকা দিয়েছেন এবার সেই তালিকা তাদেরই সামনে আনা উচিত। অন্যদিকে চাকরি বাঁচানোর দাবিতে অযোগ্যদের এই তালিকা নিয়ে ফের সুপ্রিম কোর্টের দ্বারস্থ হবেন বলে জানিয়েছেন যোগ্য শিক্ষকদের আরেকটি সংগঠনের নেতা সুমন বিশ্বাস।

*************************************************************

ভুয়ো ও অবৈধ ভোটারের সংখ্যা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন, রাজ্যের ১০০টি বিধানসভা কেন্দ্রকে বিশেষভাবে চিহ্নিত করেছে। রাজ্যের মোট ২৯৪টি আসনের মধ্যে এই লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এই অঞ্চলগুলির বেশিরভাগই রাজ্যের সীমান্তবর্তী জেলাগুলিতে অবস্থিত।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের প্রাথমিক সমীক্ষায় দেখা গিয়েছে যে দার্জিলিং, কালিম্পং, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর এবং কলকাতা শহরে এই ধরণের ভুয়ো ভোটারের সংখ্যা তুলনামূলকভাবে কম। তবে কোচবিহার, জলপাইগুড়ি, মালদা, উত্তর দিনাজপুর, মুর্শিদাবাদ, নদীয়া এবং দুই ২৪ পরগনা উভয় জেলাতেই প্রচুর সংখ্যক ভুয়ো ভোটারের সন্ধান মিলেছে। খুব বেশি পিছিয়ে নেই পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, হাওড়া এবং হুগলিও। সিইও অফিসের কর্মকর্তাদের মতে, অনেক মৃত বা স্থায়ীভাবে স্থানান্তরিত ভোটারের নাম এখনও তালিকায় রয়েছে।

*************************************************************

রাজ্যে ভোটার সংখ্যার নিরিখে নির্বাচন কমিশনের খসড়ায় দক্ষিণ চব্বিশ পরগনায় সবচেয়ে বেশি বুথের সংখ্যা বৃদ্ধি পেতে চলেছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে। এই জেলায় এক হাজার ৫৫১টি বুথ বৃদ্ধি করার কথা বলা হয়েছে। এর ফলে জেলায় মোট বুথের সংখ্যা বৃদ্ধি পেয়ে হবে ১০ হাজার ৪১০। এরপরেই রয়েছে উত্তর চব্বিশ পরগনা। সেখানে বুথের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে দশ হাজার ৫৪। এছাড়াও মুর্শিদাবাদে এক হাজার ২৫১, মালদায় ৯১৫টি বুথ বৃদ্ধি করার জন্যে খসড়া তালিকা তৈরি করা হয়েছে। সবচেয়ে কম বুথ বাড়ছে কলকাতা উত্তরে। সেখানে ছয়টি বুথ বৃদ্ধির প্রাথমিক পরিকল্পনা করা হয়েছে।

*************************************************************

ভোটার তালিকায় নিবিড় সংশোধন-SIR সঠিকভাবে ফলপ্রসূ করতে নির্বাচন কমিশনের পদক্ষেপ নেওয়া উচিত বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, এই রাজ্যে পুলিশ BLO-দের নিরাপত্তা দিতে না পারলে নির্বাচন কমিশনের কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা প্রয়োজন।

*************************************************************

রাজ্য সরকার, তার কর্মচারী ও পেনশনভোগীদের বেতন বা পেনশনের সঙ্গে যুক্ত ব্যাংক অ্যাকাউন্ট অন্য ব্যাংকে পরিবর্তন করার নিয়ম আরও সরল করেছে। এখন থেকে অ্যাকাউন্ট পরিবর্তন করতে চাইলে সংশ্লিষ্ট কর্মীকে অফিসের ভারপ্রাপ্ত আধিকারিকের কাছে পূরণ করা অপশন ফর্ম জমা দিতে হবে বলে অর্থ দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। অন্যদিকে, যে সব কর্মীদের ব্যাঙ্ক ঋণ রয়েছে, তাদের ক্ষেত্রে অ্যাকাউন্ট পরিবর্তন করার আগে বর্তমানে স্যালারি একাউন্ট থাকা ব্যাংকের শাখা থেকে নো অবজেকশন শংসাপত্র নিতে হবে। বাড়ি বা অফিস থেকে ব্যাংকের শাখার দূরত্ব ১০ কিলোমিটারের বেশি হলে প্রতিটি ব্লক থেকে একজন কর্মীকে তিন বছরে একবার অ্যাকাউন্ট পরিবর্তন করার জন্যে অনুমতি দেওয়া হবে বলে জানানো হয়েছে।

*************************************************************

দেশের প্রকৃত মোট অভ্যন্তরীণ উত্পাদন–রিয়েল জিডিপি ২০২৫-২৬ অর্থবর্ষের এপ্রিল থেকে জুন ত্রৈমাসিকে সাত দশমিক ৮ শতাংশ বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।

৫'টি ত্রৈমাসিকের মধ্যে এটিই সর্বাধিক। পরিসংখ্যান ও কর্মসূচী রূপায়ন মন্ত্রকের রিপোর্টে আরও জানা গেছে, নমিনাল জিডিপি বেড়েছে ৮ দশমিক ৮ শতাংশ।

প্রকৃত GDP বৃদ্ধি পাওয়ার একাধিক কারণের কথা উল্লেখ করেছেন, অর্থনীতিবিদ সুদীপ্ত গুহ।

*************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

*************************************************************

সংস্কারের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু  আরও এক দফায় বন্ধ থাকছে। সাঁতরাগাছি রেল স্টেশনের কাছে কোণা এক্সপ্রেসওয়েতে রাস্তায় নতুন স্টিলের বিম প্রতিস্থাপন এবং সংস্কারের কাজের জন্য  দ্বিতীয় হুগলি সেতুর ওপর দিয়ে আজ ভোর চারটে থেকে রাত সাড়ে নটা পর্যন্ত কোন যানবাহন চলাচল করবে না।  কলকাতা পুলিশ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, এই সময়ে সব যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

উল্লেখ্য, মেরামতির কাজের জন্য গত রবিবারও বিদ্যাসাগর সেতু বন্ধ রাখা হয়েছিল।

*************************************************************

মিসলেনিয়াস সার্ভিস এর পরীক্ষার্থীদের সুবিধায় মেট্রো রেল কতৃপক্ষ ব্লু ও গ্রীন করিডরে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ব্লু করিডরের দক্ষিণেশ্বর ও মহানায়ক উত্তম কুমারের মধ্যে আজ সকাল সাতটা থেকে ট্রেন পরিষেবা শুরু হয়েছে। ১৩০টির পরিবর্তে আপ ও ডাউনে এই লাইনে মোট ১৩৮ টি ট্রেন চলবে।

অন্যদিকে গ্রীন লাইনের হাওড়া ময়দান সেক্টর ফাইভ-এর মধ্যে ১০৪ টি পরিবর্তে সকাল আটটা থেকে ১১২ টি ট্রেন চালানো হবে।

এদিকে শহীদ ক্ষুদিরাম স্টেশনে কাজের জন্য এই লাইনে উত্তম কুমার ও শহীদ ক্ষুদিরামের মধ্যে বিকেল চারটে পর্যন্ত কোন ট্রেন চলাচল করবে না।

*************************************************************

দক্ষিণ-পূর্ব রেলের আদ্রা ডিভিশন একাধিক উন্নয়ন মূলক কাজের জন্য আগামীকাল থেকে এক সপ্তাহ  বিভিন্ন ট্রেন বাতিল ও নিয়ন্ত্রণ করার কথা জানিয়েছে। এর মধ্যে  আদ্রা -ভাগা- আদ্রা পুরো সপ্তাহ ধরেই বাতিল থাকবে। আদ্রা–আসানসোল–আদ্রা মেমু প্যাসেঞ্জার  ৭ই সেপ্টেম্বর বাতিল থাকবে।  এছাড়াও ঝাড়গ্রাম–ধনবাদ–ঝাড়গ্রাম মেমু এক্সপ্রেস ১ থেকে ৫ এবং ৭ই সেপ্টেম্বর ধানবাদের বদলে বোকারো স্টেশনে যাত্রা শেষ এবং শুরু করবে।

টাটানগর–আসানসোল–বারাভূম মেমু  ২ রা সেপ্টেম্বর আদ্রা স্টেশনে যাত্রা  শেষ ও শুরু করবে।  এই সময়ে আদ্রা–আসানসোল রুটে পরিষেবা বন্ধ থাকবে।  বর্ধমান হাটিয়া বর্ধমান মেমু ২, ৪, ৫ ও ৭ সেপ্টেম্বর তারিখে গোমো স্টেশনে যাত্রা শেষ ও শুরু করবে।

*************************************************************

নিরাপত্তা জনিত সমস্যার কারণ দেখিয়ে মালিকপক্ষ উত্তরবঙ্গের ডুয়ার্সের একটি চা বাগান বন্ধ করে দিয়েছে।

জলপাইগুড়ির নাগরাকাটা ব্লকের বামনডাঙ্গা চা বাগানের শ্রমিকরা গতকাল সকালে কাজে গিয়ে গেটে বাগান বন্ধের নোটিশ দেখতে পেয়ে ক্ষোভে ফেটে পড়েন।  শ্রমিকদের ১৫ দিনের মজুরি বকেয়া রয়েছে বলে শ্রম দপ্তর সূত্রে জানা গিয়েছে। এর ফলে পুজোর মুখে এখানে কর্মরত প্রায় এক হাজার চারশো শ্রমিক কাজ হারালেন।

*************************************************************

অনুকুল আবহাওয়া এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় উত্তরবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

জলপাইগুড়ি জেলাতে কোথাও কোথাও অতি ভারী বৃষ্টি হতে পারে।  দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় রয়েছে হলুদ সর্তকতা। দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী ২৪ ঘন্টায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

*************************************************************